

বলিকবাত্রা

রোববার, আগস্ট ১০, ২০২৫ ■ শাবণ ২৬, ১৪৩২



এনএসইউতে দশম ইন্টারন্যাশনাল বিজনেস জিনিয়াস বাংলাদেশ অনুষ্ঠিত

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এসএসইউ) 'দশম ইন্টারন্যাশনাল বিজনেস জিনিয়াস বাংলাদেশ ২০২৫' অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গতকাল এ প্রতিযোগিতার উদ্বোধন করেন ইউজিসির সদস্য তানজীম উদ্দিন খান। গেস্ট অব অনার ছিলেন এনএসইউ উপাচার্য ড. আব্দুল হান্নান চৌধুরী। স্বাগত বক্তব্য দেন এনএসইউর মার্কেটিং ও ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগের প্রধান ড. খন্দকার নাহিদ মামুন এবং বিজিবির সভাপতি এমএ নাহিয়ান। সভাপতিত্ব করেন বিজিবির প্রধান উপদেষ্টা এম আব্দুল্লাহ আল মামুন। এছাড়া আরো উপস্থিত ছিলেন অভিনেতা আফরান নিশো ও ইরফান সাজ্জাদ এবং অভিনেত্রী সাদিয়া আয়মানসহ অনেকে।